গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
(নেজারত শাখা)
www.barisal.gov.bd

স্মারক নং-০৫.১০.০৬০০.১১১.১০.০১২.২১-১০৫৫

তারিখ ঃ ১৫ পৌষ ১৪২৮ / ৩০ ডিসেম্বর ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১০ জুন ২০২১ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৪.১৫-১৩০ নং স্মারক ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ আগস্ট ২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১১২.১৫.০১৯.১৯-২৭০ নং স্মারকে প্রদত্ত ছাড়পত্র মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও বরিশাল সার্কিট হাউজের শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত বরিশাল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১। | অফিস সহায়ক, গ্রেড-২০ | ৮,২৫০-২০,০১০/- | ২৩ (তেইশ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২। | নিরাপত্তা প্রহরী, গ্রেড-২০ | ৮,২৫০-২০,০১০/- | ০৬ (ছয়) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৩। | পরিচ্ছন্নতাকর্মী, গ্রেড-২০ | ৮,২৫০-২০,০১০/- | ১৬ (ষোল) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৪। | বেয়ারার (সার্কিট হাউজ), গ্রেড-২০ | ৮,২৫০-২০,০১০/- | ০২ (দুই) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০৫। | বাবুর্চি (সার্কিট হাউজ) গ্রেড-২০ | ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং রান্নার কাজে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও বরিশাল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. নির্ধারিত আবেদন ফরমটি www.barisal.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরম স্বহস্তে পূরণ করতে হবে।

০৩. আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদ পত্রের অনুলিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে)

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি ।

ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি (যদি থাকে)।

চ) ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ) অন্যান্য অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি।

জ) ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল সনদ/কাগজপত্র সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নাম সম্বলিত সীল থাকতে হবে।

০৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯.০৮.২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৩ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রার্থীর বয়সসীমা ২৫.০৩.২০২০ তারিখে সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য এবং প্রতিবন্ধী চাকুরী প্রর্থীদের ক্ষেত্রে বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ নীতিমালা/পরিপত্রের নির্দেশনা অনুসরণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫. বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রযোজ্য ক্ষেত্রে পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীকে নিম্নবর্ণিত ছকের তথ্য আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে :

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা/ গেজেটে বীর মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ ও প্রত্যয়নপত্র | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে পুত্র/কন্যা পক্ষ উল্লেখসহ উপযুক্ত কর্তৃপক্ষের দাপ্তরিক স্মারক, তারিখ ও সীলমোহর থাকতে হবে। | ক) জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ;<br>খ) জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ;<br>গ) এসএসসি/সমমান সনদ অনুযায়ী জন্ম তারিখ;<br>ঘ) জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ | |

০৬. মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে বীরমুক্তিযোদ্ধার বয়স ও অন্যান্য তথ্যাবলীর প্রমাণক যাচাই/প্রত্যয়ন সংক্রান্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৭.০১.২০১৮ তারিখের ৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.২০১৭.২৫ নং স্মারক ও ১৮.১০.২০২০ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুসরণ করা হবে।

০৭. ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষা ফি বাবদ কোড নং ১-০৭৪২-০০০০-২০৩১ (পরীক্ষা ফি) তে ৫০/- টাকা (অফেরতযোগ্য) জমা প্রদান করে চালানের মূল কপি এবং প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ১৫/- টাকার ডাকটিকিট লাগানো ১০"×৪.৫" সাইজের একটি ফেরৎ খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৮. আবেদন পত্র জেলা প্রশাসক, বরিশালকে সম্বোধন করে আগামী ২০/০১/২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল এর ইসেবা কেন্দ্রে আবেদনপত্র জমা দেয়া যাবে অথবা রেজিস্টার্ড ডাকযোগে এ অফিসে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৯. চাকুরীরত প্রার্থীর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণ করা হবে না। চাকুরীরত প্রার্থীর বয়স শিথিলযোগ্য নয়।

১০. প্রার্থীকে খামের উপর অবশ্যই প্রার্থীত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১১. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের জন্য আবেদন করলে বিধি মোতাবেক বাতিল বলে গণ্য হবে।

১৩. নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪. নির্দিষ্ট কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে কোটার স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র/প্রমাণক দাখিল করতে হবে।

১৫. নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

১৬. আবেদন পত্রে প্রার্থীর উল্লিখিত কোন তথ্য যে কোন পর্যায়ে ভূয়া ও অসত্য প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদ পত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১৮. নিয়োগ কার্যক্রম চলাকালীন পদ শূণ্য হলে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা বৃদ্ধি পেতে পারে।

১৯. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতী/নাতনী আবেদনকারী চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতী/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতী/নাতনী এই মর্মে চাকুরী প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌর সভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

২০. কর্তৃপক্ষ সরকারি বিধি বিধানের সঙ্গে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন এবং কোন কারণ দর্শানো ব্যাতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
(জসীম উদ্দীন হায়দার)
জেলা প্রশাসক
বরিশাল

স্মারক নং-০৫.১০.০৬০০.১১১.১০.০১২.২১-১০৫৫

তারিখ ঃ ১৫ পৌষ ১৪২৮ / ৩০ ডিসেম্বর ২০২১

**অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
০২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ , অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪. জেলা প্রশাসক .........................(সকল)।
০৫. পুলিশ সুপার, বরিশাল।
০৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ/ সিটি কর্পোরেশন, বরিশাল
০৭. সিভিল সার্জন, বরিশাল।
০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ........................, বরিশাল (সকল)।
০৯. উপজেলা নির্বাহী অফিসার, .........................., বরিশাল (সকল)।
১০. সহকারী কমিশনার(ভূমি), ............................, বরিশাল (সকল)।
১১. জেলা তথ্য অফিসার, বরিশাল।
১২. সম্পাদক, দৈনিক যায় যায় দিন, The Daily Star, দৈনিক আলোকিত বরিশাল ও দৈনিক ভোরের অঙ্গীকার। তাঁকে বিজ্ঞপ্তিটি আগামী ০৭ জানুয়ারি ২০২২খ্রি. তারিখের মধ্যে তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০২ কলামে ৯" ০১ (এক) দিনের জন্য প্রকাশপূর্বক ০৩ (তিন) কপি বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৩. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল (উপরোক্ত বিজ্ঞপ্তিটি www.barisal.gov.bd ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩০.১২.২১

জেলা প্রশাসক
বরিশাল

# চাকরির আবেদন ফরম

| | |
|---|---|
| | রঙ্গিন ছবি (সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | পদের নাম- | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর - | | | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায় | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর | | | (যে কোন একটি) |
| | জন্মনিবন্ধন নম্বর | | | |
| ৫. | জন্ম তারিখ | | ৬. জন্ম স্থান (জেলা) জেলা : | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম- | | | |
| ৯. | পিতার নাম/স্বামীর নাম- | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা - | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | বর্তমান | স্থায়ী |
| | গ্রাম/ পাড়া/ মহল্লা | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড | | |
| | ডাকঘর | | |
| | পোষ্টকোড নম্বর | | |
| | উপজেলা | | |
| | জেলা | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর- | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা- | ১৩. | জেন্ডার- |
| ১৪. | ধর্ম - | ১৫. | পেশা- |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা- | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/ শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)- | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)- | | | |
| ১৯. | কোটা (টিকা দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০ | চালান নম্বর- | তারিখ- | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিকা দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে. ওপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ন সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্যপ্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ - | দিন | | মাস | | বছর | | | |
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর